



লালন উৎসব ও শীতকালীন সাংস্কৃতিক আয়োজন নিয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা

লেখক: প্রকাশক | প্রকাশিত: 15 October 2026, 01:41 AM | বিভাগ: জাতীয়



সংস্কৃতি মন্ত্রণালয় পরিদর্শন করে কর্মকর্তাদের বিভিন্ন দিকনির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারকে রহমান। দেশের সংস্কৃতি ও ঐতিহ্য নতুন প্রজন্মের কাছে তুলে ধরা এবং সাংস্কৃতিক কর্মকাণ্ড আরও গতিশীল করার ওপর গুরুত্ব দিয়েছেন তিনি।

বুধবার (১৪ অক্টোবর) সচিবালয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে এক সভায় লালন উৎসব, নজরুলবর্ষ ও শীতকালীন সাংস্কৃতিক উৎসবের পরিকল্পনা প্রধানমন্ত্রীর সামনে তুলে ধরা হয়।

সভায় জানানো হয়, ডিসেম্বর থেকে মে মাস পর্যন্ত শীতকালীন সাংস্কৃতিক উৎসবে সার্কাস, নৌকাবাইচ, ঘুড়ি উৎসব, ঘোড়দৌড় ও পাপটে শো আয়োজনের পরিকল্পনা রয়েছে।

এ ছাড়া শিল্পকলা একাডেমিগুলোকে আরও সক্রিয় করার নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। নতুন প্রজন্মের

মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে ভ্রাম্যমাণ লাইব্রেরি, পাঠচক্র ও বই পড়ার প্রতিযোগিতা আয়োজনের ওপর গুরুত্ব দেন তিনি।

সভায় সংস্কৃতমন্ত্রী নতিই রায় চৌধুরী, সংস্কৃতি প্রতিমন্ত্রী আলী নওয়াজ মাহমুদ খৈয়াম, প্রধানমন্ত্রীর তথ্য ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ডা. জাহদে উর রহমান, অতিরিক্ত প্রসেসে সচিব আতিকুর রহমান রুমেনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিতি ছিলেন।